# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


পরিচালক, প্রসেসিং সেকশন এর কার্যালয়
ওয়াপদা ভবন, (৭ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা
ফোনঃ অফিস-০২-৯৫৮৬৪৮৩
ই-মেইলঃ dir.processing@bwdb.gov.bd
ওয়েব ঠিকানাঃ www.bwdb.gov.bd

Office of the Director, Processing Section
WAPDA Building (6th floor), Motijheel C/A, Dhaka
Phone: Off-02-9586483
E-mail: dir.processing.bwdb@gmail.com
**Website:** www.bwdb.gov.bd


স্মারক নং- ৩১০ / পিএস/ আইএমইডি-০৫/২০১৩ তারিখঃ ০৭/০৯/২০১৬ খ্রিঃ

## সার্কুলার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'র বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনার জন্য মাসিক, ত্রৈমাসিক ভিত্তিতে বিভিন্ন আইএমইডি প্রতিবেদন (আইএমইডি-০১, ০২, ০৩, ০৪, ০৫/২০০৩ (সংশোধিত)) আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনে প্রেরণের নির্দেশনা রয়েছে। এছাড়াও, বোর্ডের মাসিক এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে তথ্যগত অসামঞ্জস্যতা, অপূর্ণতা এবং ভুলভ্রান্তি পরিহারের লক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিম্নলিখিত বিষয় সমূহ অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ঃ

১। কেবলমাত্র বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহের জন্য আইএমইডি প্রতিবেদনসমূহ পরিচালক, প্রসেসিং সেকশন, বাপাউবো, ঢাকা বরাবর হার্ডকপি ৫ (পাঁচ) প্রস্থে প্রেরণ করতে হবে। জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডভুক্ত প্রকল্পসমূহ প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তরের মাধ্যমে মনিটরিং করা হয় বিধায় সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ অত্র দপ্তরে প্রেরণের কোন প্রয়োজন নেই।

২। বিভিন্ন আইএমইডি প্রতিবেদন, তার প্রযোজ্যতা এবং পরিচালক, প্রসেসিং সেকশন বরাবর মাঠ দপ্তর হতে তা প্রেরণের সময়সীমা ছক-

| আইএমইডি প্রতিবেদন | যে ক্ষেত্রে প্রযোজ্য | প্রেরণের সময়সীমা |
|---|---|---|
| আইএমইডি-০১/২০০৩ (সংশোধিত) | প্রকল্প মেয়াদ/ব্যয় ও প্রকল্প পরিচালক পরিবর্তন। | মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর। |
| আইএমইডি-০২/২০০৩ (সংশোধিত) | সময়োপযোগী বিস্তারিত বাস্তব কর্মপরিকল্পনা। | অর্থ বছরের প্রারম্ভে। |
| আইএমইডি-০৩/২০০৩ (সংশোধিত) | ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন। | প্রান্তিক সমাপ্তির পরবর্তী ২ সপ্তাহ। |
| আইএমইডি-০৪/২০০৩ (সংশোধিত) | Project Completion Report (PCR)। | সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে (বই আকারে)। |
| আইএমইডি-০৫/২০০৩ (সংশোধিত) | মাসিক অগ্রগতি প্রতিবেদন। | পরবর্তী মাসের প্রথম দুই কার্যদিবস। |

৩। আইএমইডি-০৫/২০০৩ (সংশোধিত) প্রতিবেদনের ৮ নং অনুচ্ছেদের ৫, ৭ ও ৯ নং কলামে প্রকৃত বাস্তব কাজের পরিমাণ এবং বন্ধনীতে বাস্তব কাজের শতকারা হার উল্লেখপূর্বক প্রকল্পের অর্থ ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ সার্বিক বাস্তব অগ্রগতি না দেখিয়ে প্রকৃত সার্বিক বাস্তব অগ্রগতি উল্লেখ করতে হবে।

৪। বাস্তব অগ্রগতি লক্ষ্যমাত্রা থেকে বেশি হতে পারে কিন্তু অর্থ ব্যয় বরাদ্দের বেশি তথা আর্থিক অগ্রগতি লক্ষ্যমাত্রার বেশি হতে পারবেনা।

৫। Project Completion Report (PCR) -এ অঙ্গভিত্তিক এবং সামগ্রিক ব্যয় অবশ্যই প্রকল্পের শেষ জুন মাসের আইএমইডি-০৫/২০০৩ (সংশোধিত) প্রতিবেদনে উল্লেখিত ব্যয়ের সাথে পুরোপুরি মিলতে হবে। প্রতিবেদনদ্বয়ে ব্যয়ের কোন তারতম্য থাকলে PCR এর ই-০৫ অনুচ্ছেদের পর পাদটীকা দিয়ে তার ব্যাখ্যা দিতে হবে।

৬। কোন মাসের প্রেরিত আইএমইডি-০৫/২০০৩ (সংশোধিত) প্রতিবেদনে আর্থিক এবং বাস্তব অগ্রগতি সম্পর্কিত কোন ভুল পরিলক্ষিত হলে তা পরবর্তী মাসের প্রতিবেদনে ১০ নং ক্রমিকের পর পাদটীকায় উল্লেখ করতে হবে।

৭। বদলীযোগে পদায়নের মাধ্যমে কোন কর্মকর্তা এডিপিভুক্ত কোন প্রকল্পের প্রকল্প পরিচালক নিযুক্ত হলে মন্ত্রণালয় হতে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের প্রশাসনিক অনুমোদন পেলেই কেবল তিনি আইএমইডি প্রতিবেদনসমূহে পদবীর পাশাপাশি "প্রকল্প পরিচালক" পদটি উল্লেখপূর্বক স্বাক্ষর করবেন। মন্ত্রণালয় হতে নিয়োগ প্রাপ্তির আগ পর্যন্ত "প্রকল্প পরিচালক" উল্লেখ না করে কেবল মাত্র দাপ্তরিক পদবী যোগে প্রতিবেদনসমূহে স্বাক্ষর করে প্রেরণ করবেন।

৮। বোর্ড ও মন্ত্রণালয়ের প্রকল্প মনিটরিং এর স্বার্থে বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

ডায়েরী নং ১৯৫৯
প্রোগ্রামার ১
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো, ঢাকা।

তারিখঃ ০৮/০৯/১৬
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

(এ, কে, এম, সফিকুল হক)
পরিচালক

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালক, প্রসেসিং সেকশন এর কার্যালয়
ওয়াপদা ভবন, (৭ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা
ফোনঃ অফিস-০২-৯৫৮৬৪৮৩
ই-মেইল: dir.processing@bwdb.gov.bd
ওয়েব ঠিকানা: www.bwdb.gov.bd

**Office of the Director, Processing Section**
WAPDA Building (6th floor),Motijheel C/A, Dhaka
Phone: Off-02-9586483
E-mail: dir.processing.bwdb@gmail.com
**Website:** www.bwdb.gov.bd


অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) ঃ

১। চীফ মনিটরিং/ প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

২। প্রধান/ অতিঃ প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তরাঞ্চল /ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/ খুলনা/ ফরিদপুর/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ রাজশাহী/ বরিশাল/ রংপুর/ নারায়ণগঞ্জ।

৩। প্রকল্প পরিচালক, ওয়ামিপ/ সিইআইপি-১/ ইসিআরআরপি/ সিডিএসপি-৪/ এফআরইআরএমআইপি/ ইমিপ/ ব্লু-গোল্ড/ হাওর ফ্লাড ম্যানেজমেন্ট এন্ড লিভলিহুড ইম্প্রুভমেন্ট প্রজেক্ট/ গড়াই নদী পুনঃখনন প্রকল্প/ ক্যাপিটাল পাইলট ড্রেজিং/ সাউথ-ওয়েষ্ট-২/ SPMMIS/ Strengthening Hydrological Information Services and Early Warning Systems, বাপাউবো, ঢাকা।

৪। এডিপিভুক্ত সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণ। তাঁর অধীনস্থ মাঠ দপ্তরসমূহে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সার্কুলারটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৫। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৬। সিস্টেম এনালিষ্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পরিকল্পনা/ প্রশাসন/ অর্থ), বাপাউবো, ঢাকা।